NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION

# চ্যান্সেলরের **প্রবিধান**

| | | | |
|---|---|---|---|
| ক্যাটেগরী: | **শিক্ষার্থী** | নম্বর: | A-185 |
| বিষয়: | **প্রাথমিক এবং মিড্‌ল্ স্কুল জোন সীমারেখা** | পৃষ্ঠা: | ৩ এর ১ |
| | | ইস্যুর তারিখ: | 1/14/05 |


## সংক্ষিপ্তসার

নব গঠিত কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোকে (সি.ই.সি., CEC) ২০০৩ সালে কমিউনিটি সুপারিনটেন্ডেন্টদের মতানুসারে, শিক্ষা আইনের অধীনে স্কুলগুলোর প্রতি আরোপিত জোনিং সীমারেখা অনুমোদনের ক্ষমতা দেয়া হয়েছে, যা চ্যান্সেলরের প্রবিধানের সঙ্গো সামঞ্জস্যপূর্ণ। এই প্রবিধান আইনের সেই ধারাকে বাস্তবায়িত করে।


## I. জোনভিত্তিক ডিস্ট্রিক্ট স্কুল এবং জোন সীমারেখার সংজ্ঞা

জোনভিত্তিক ডিস্ট্রিক্ট স্কুল এমন কোন স্কুল যেখানে ভর্তি হওয়ার যোগ্যতা নির্ধারিত হয় ডিস্ট্রিক্ট-এর একটি নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় বসবাসের উপর ভিত্তি করে। জোন সীমারেখা হল সেই সীমারেখা, যার সাহায্যে ভৌগোলিক এলাকাটিকে চিহ্নিত করা হয়।

## II. জোন সীমারেখার পরিবর্তন অনুমোদনের প্রক্রিয়া

A. কমিউনিটি সুপারিনটেনডেন্ট-এর দায়িত্বসমূহ

1. সি.ই.সি.-এর অনুমোদনের জন্য নতুন এবং পরিবর্তিত জোন সীমার প্রস্তাব পেশের দায়িত্বে থাকবেন কমিউনিটি সুপারিনটেনডেন্টরা। (নিচের IIB দেখুন)।

2. একটি নতুন অথবা পরিবর্তিত জোন সীমারেখার প্রস্তাব সি.ই.সি'র কাছে পেশ করার আগে কমিউনিটি সুপারিনটেনডেন্টকে সেবিষয়ে রিজিওন্যাল সুপারিনটেনডেন্ট এবং লোকাল ইনস্ট্রাকশনাল সুপারিনটেনডেন্টদের সঙ্গো আলোচনা করতে হবে এবং অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট প্ল্যানিং অ্যান্ড অপারেশনস্ (শিক্ষার্থী ভর্তি পরিকল্পনা এবং পরিচালনা কার্যালয়, ও.এস.ই.পি.ও,. OSEPO)-এর অনুমোদন নিয়ে অগ্রসর হতে হবে। প্রস্তাবটি সি.ই.সির কাছে পেশ করার আগে শিশুদের পিতা-মাতাসহ সংশ্লিষ্ট স্কুল কমিউনিটির যারা প্রস্তাবিত পরিবর্তনের ফলে প্রভাবিত হবে, তাদের সঙ্গোও কমিউনিটি সুপারিনটেনডেন্ট আলোচনা করবেন।

3. ও.এস.ই.পি.ও.-এর কাছে জোন সীমারেখার প্রস্তাব পেশ করার সময় কমিউনিটি সুপারিনটেনডেন্টরা এ প্রবিধানের সংলগ্নী 'A' তে বর্ণিত পন্থায় নিম্নলিখিত তথ্য সরবরাহ করতে হবে:

   a. প্রস্তাবটির উদ্দেশ্যের বিবৃতি

   b. প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট স্কুলসমূহ

   c. বাস্তবায়ন শুরু করার কার্যকর তারিখ

   d. বাস্তবায়ন সম্পন্ন করার সম্ভাব্য তারিখ (যদি প্রস্তাবটিকে পর্যায়ভিত্তিক বাস্তবায়নের প্রয়োজন হয়)

   e. প্রস্তাব বাস্তবায়নের প্রথম বর্ষে প্রতিটি গ্রেডে সংশ্লিষ্ট স্কুলসমূহের একটি থেকে আরেকটিতে বদলিকৃত শিক্ষার্থীদের সম্ভাব্য সংখ্যা

   f. সংশ্লিষ্ট স্কুলসমূহে এবং কর্মসূচিতে সম্ভাব্য গ্রেড বিন্যাস, সম্ভাব্য শিক্ষার্থী নিবন্ধন, ভবনের ধারণ ক্ষমতা ও তার সদ্ব্যবহার, এবং নিবন্ধিত শিক্ষার্থীদের জাতীয় পরিচয়

   g. পরিবর্তিত জোন সীমারেখার সম্পূর্ণ বিবরণ

h. যে প্রস্তাবগুলি পর্যায়ভিত্তিক বাস্তবায়িত হবে, সে সব স্কুলে এবং কর্মসুচিতে প্রস্তাবিত পরিবর্তনগুলির সম্পূর্ণ বাস্তবায়ন পর্যন্ত প্রতি বছর কীসের ভিত্তিতে শিক্ষার্থীদের ভর্তি করা হবে, সে সম্পর্কে একটি বিবৃতি এবং শিক্ষার্থীর স্কুল মনোনয়নে কোন অগ্রাধিকার থাকলে সে সম্পর্কে একটি বিবৃতি

i. বাস্তব রূপায়ণের প্রথম বছরে স্কুল বাস পরিষেবা এবং সরকারী যানবাহন ব্যবস্থার প্রয়োজনীয়তা

4. কমিউনিটি সুপারিনটেনডেন্টদের অবশ্যই জোন সীমারেখা প্রস্তাব সংক্রান্ত উপরে উল্লিখিত তথ্য লিখিতভাবে ও.এস.ই.পি.ও. কর্তৃক প্রতি বছর প্রকাশিত সময়সীমার মধ্যে ও.এস.ই.পি.ও.-এর কাছে জমা দিতে হবে।

5. ও.এস.ই.পি.ও. কর্তৃক অনুমোদনের পর কমিউনিটি সুপারিনটেনডেন্ট প্রস্তাবিত জোন সীমারেখা অনুমোদনের জন্য সি.ই.সি-এর কাছে লিখিতভাবে জমা দেবেন। প্রস্তাব সি.ই.সি.-এর কাছে পেশ করা হয়েছে বলে বিবেচনা করা হবে তখন, যখন কমিউনিটি সুপারিনটেনডেন্ট অথবা স্থলাভিষিক্ত ব্যক্তি জোন সীমারেখা সংক্রান্ত লিখিত প্রস্তাব অনুমোদনের জন্য সি.ই.সি.-এর অফিসে পাঠাবেন অথবা সি.ই.সি.-এর প্রেসিডেন্ট-এর কাছে ই-মেল করবেন।

6. সি.ই.সি.-এর অনুমোদনের পর কমিউনিটি সুপারিনটেনডেন্ট ও.এস.ই.পি.ও.-কে সি.ই.সি.-এর গৃহীত প্রস্তাবের একটি কপি পাঠাবেন। (নিচের IIB3 দেখুন)।

B. <u>সি.ই.সি.-এর দায়িত্বসমূহ</u>

1. সি.ই.সি.-এর দায়িত্ব হল জোনভিত্তিক ডিস্ট্রিক্ট স্কুলগুলোর জন্য কমিউনিটি সুপারিনটেনডেন্টদের পেশ করা জোন সীমারেখা অনুমোদন করা।

2. যে জোনভিত্তিক ডিস্ট্রিক্ট স্কুলগুলো শিক্ষার্থীদের স্কুল মনোনয়নের সুযোগসহ পরিষেবা প্রদান করে, তাদের ক্ষেত্রে যে সমস্ত শিক্ষার্থীরা স্কুল মনোনয়নের মাধ্যমে ভর্তি হয় নি, শুধুমাত্র সেই সব শিক্ষার্থীদের জন্য সি.ই.সি. জোন সীমারেখা অনুমোদন করতে দায়বদ্ধ থাকবে।

3. জোন সীমারেখার প্রস্তাবের বিষয়ে সি.ই.সি.-কে প্রস্তাবটি কমিউনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক জমা দেয়ার ৪৫ দিনের মধ্যে মতামত দিতে দেবে।

4. হাই স্কুল এবং উপরে IIB2-তে বর্ণিত স্কুল ব্যতীত যে স্কুল এবং কর্মসুচিগুলো, যারা একাধিক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট থেকে একটি মনোনয়নের মাধ্যমে শিক্ষার্থীদের স্থান দিয়ে থাকে, সেগুলোকে এই প্রবিধান অন্তর্ভুক্ত করে না এবং তা সি.ই.সি.-এর আওতাভুক্ত নয়। চ্যান্সেলর এককভাবে এই সব স্কুল এবং কর্মসুচির জন্য দায়িত্বশীল।

## III. <u>আবেদনসমূহ</u>

কমিউনিটি এডুকেশন কাউন্সিল কর্তৃক জোন সীমারেখার সিদ্ধান্ত গ্রহণের দশ দিনের মধ্যে প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন চ্যান্সেলরের কাছে আপীলের আবেদন জানাতে পারে। আপীল অবশ্যই লিখিতভাবে জমা দিতে হবে এবং তাতে সুনির্দিষ্টভাবে আপীলের কারণগুলোর বর্ণনা থাকতে হবে। চ্যান্সেলরের কাছে আবেদন জানাতে হবে- c/o Office of Legal Services, 52 Chambers Street, New York, NY 10007, এই ঠিকানায়।

## IV. <u>অনুসন্ধান এবং কৌশলগত সহায়তা</u>

A. প্রস্তাবগুলো যাতে এ প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়, সেজন্য ও.এস.ই.পি.ও. এবং স্কুল কনস্ট্রাকশন অথরিটি (স্কুল নির্মাণ কর্তৃপক্ষ, এস.সি.এ., SCA)-কে প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

B. ও.এস.ই.পি.ও. ডিস্ট্রিক্টের বিদ্যমান সীমারেখা এবং স্কুলের জোন সীমারেখার মানচিত্র সংরক্ষণ করবে যা থাকবে জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত।

এই প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান এ ঠিকানায় পাঠাতে হবে:


টেলিফোন
212-374-5426

*Office of Student Enrollment*
*Planning and Operations*
NYC Department of Education
52 Chambers Street – Room 415
NY, NY 10007

ফ্যাক্স
212-374-5568

# জোন সীমারেখার প্রস্তাব পেশ করা

1. প্রস্তাবটির উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বিবৃতি:

2. প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট স্কুলসমূহ:

3. বাস্তবায়ন শুরু করার কার্যকর তারিখ:

4. বাস্তবায়ন সম্পন্ন করার সম্ভাব্য তারিখ (যদি প্রস্তাবটিকে পর্যায়ভিত্তিক বাস্তবায়নের প্রয়োজন হয়):

5. প্রস্তাব বাস্তবায়নের প্রথম বর্ষে প্রতিটি গ্রেডে সংশ্লিষ্ট স্কুলসমুহের একটি থেকে আরেকটিতে বদলিকৃত শিক্ষার্থীদের সম্ভাব্য সংখ্যা:

| প্রেরণকারী স্কুল অথবা কর্মসূচি | গ্রহণকারী স্কুল অথবা কর্মসূচি | গ্রেড(গুলি) | কত সংখ্যক শিক্ষার্থীকে বদলি করা হবে |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

6. সংশ্লিষ্ট স্কুলসমুহে এবং কর্মসূচিতে সম্ভাব্য গ্রেড বিন্যাস, সম্ভাব্য শিক্ষার্থী নিবন্ধন, ভবনের ধারণ ক্ষমতা ও তার সদ্ব্যবহার, এবং নিবন্ধিত শিক্ষার্থীদের জাতীয় পরিচয়:

   a. বাস্তবায়নের পুর্ববতী বছরে

| স্কুল অথবা কর্মসূচি | গ্রেড বিন্যাস | ভবনের ধারণ ক্ষমতা | অক্টোবর ৩১ তারিখে নিবন্ধন | ধারণ ক্ষমতার সদ্ব্যহার | সংখ্যালঘুদের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

b. বাস্তবায়নের প্রথম বছরে

| স্কুল অথবা কর্মসূচি | গ্রেড বিন্যাস | ভবনের ধারণ ক্ষমতা | অক্টোবর ৩১ তারিখে নিবন্ধন | ধারণ ক্ষমতার সদ্ব্যহার | সংখ্যালঘুদের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

c. বাস্তবায়নের চূড়ান্ত বছরে

| স্কুল অথবা কর্মসূচি | গ্রেড বিন্যাস | ভবনের ধারণ ক্ষমতা | অক্টোবর ৩১ তারিখে নিবন্ধন | ধারণ ক্ষমতার সদ্ব্যহার | সংখ্যালঘুদের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

7. নিম্নে উল্লেখ করা ফরম ব্যবহার করে সকল পরিবর্তিত জোন সীমারেখার পুর্ণ বিবরণ: “(... ... এবং ... ... রাস্তার মিলনস্থল থেকে শুরু করে (যেখান থেকে শুরু) এবং ... ... এবং ... ... রাস্তার মিলনস্থলে শেষ হবে (যেখান থেকে শুরু):”

8. যে সব প্রস্তাব পর্যায়ভিত্তিক বাস্তবায়িত হবে, সংশ্লিষ্ট সেই স্কুল এবং কর্মসূচিতে শিক্ষাথীরা প্রস্তাবটি পুর্ণ বাস্তবায়ন পর্যন্ত প্রতি বছর কীভাবে ভর্তি হবে, অর্থাৎ কিছু মিশ্রণ সহ প্রাক-নিবন্ধন, সরাসরি ভর্তি হওয়া, তালিকা প্রকাশ ও স্বেচ্ছাবদলি এবং ভর্তির ক্ষেত্রে কোন কোন শিক্ষাথী, যেমন ভাইবোনদের জন্য, কোন অগ্রাধিকার প্রতিষ্ঠা করা হলে, তার বিবরণ:

বর্ষ ১:

বর্ষ ২:

বর্ষ ৩:

9. বাস্তবায়নের প্রথম বছরে স্কুল বাস পরিষেবা এবং সরকারি যানবাহন ব্যবস্থার প্রয়োজনীয়তা:

| স্কুল অথবা কর্মসূচি | গ্রেড | কত সংখ্যক ছাত্রছাত্রীর বাসের প্রয়োজন | সরকারি যানবাহন ব্যবহারকারী শিক্ষাথী সংখ্যা |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |